

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৫৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো বেশি বেশি কিয়ামুল লাইল বা তাহাজ্জুদ সালাত আদায় করা এবং ঘুমের উপর ভরসা না করা

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يُسْتَحَبُّ لِلْمَرْءِ مِنْ كَثْرَةِ التَّهَجُّدِ بِاللَّيْلِ وَتَرْكِ الِاتِّكَالِ عَلَى النَّوْم

আরবী

2553 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: حَدَّثَنَا علي بن حرب قال: أخبرنا أبو الْقَاسِمُ بْنُ يَزِيدَ الْجَرْمِيُّ عَنْ سُفْيَانُ الثَّوْرِيُّ عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ عَنْ أَبِي الْأَحْوَصِ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: عَنْ اللَّهِ عَلْ رَجُلٍ نَامَ حَتَّى أَصْبَحَ فَقَالَ: عَبْدِ اللَّهِ قَالَ: سُئِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ رَجُلٍ نَامَ حَتَّى أَصْبَحَ فَقَالَ: (بَالَ الشَّيْطَانُ فِي أُذْنِهِ ـ أَوْ فِي أُذُنَيْهِ ـ) قَالَ سُفْيَانُ هَذَا عِنْدَنَا يُشبه أن يكون نام عن الفريضة

الراوي: عَبْد اللَّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2553 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 223): ق.

বাংলা

২৫৫৩. আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ঐ ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেস করা হয়, যে সকাল পর্যন্ত ঘুমিয়ে থাকে।" তিনি জবাবে বলেন, "শয়তান তার কানে অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) দুই কানে পেশাব করে দিয়েছে।"[1]

সুফিয়ান রহিমাহুল্লাহ বলেন, "আমাদের মতে এটি ঐ ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য, যিনি ফর্য সালাত না পড়ে ঘুমিয়ে থাকে।"

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ১/৩৭৫; সহীহ আল বুখারী: ১১৪৪; সহীহ মুসলিম: ৭৭৪; নাসাঈ: ৩/২০৪; ইবনু মাজাহ: ১৩৩০; সুনান বাইহাকী: ৩/১৫।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন